# উপজেলা পরিষদ কার্যালয়
## সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ৭ম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ খোশনূর রুবাইয়াৎ, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।

তারিখ : ১২-১২-২০২৪ খ্রিঃ ।

সময় : সকাল ১১.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভায় নবাগত উপজেলা নির্বাহী অফিসার ও অদ্য সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন ।সভার প্রারম্ভে পরিচয় পর্ব অনুষ্ঠিত হয় । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন । | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয় । | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | (ক) আলোচনার শুরুতে প্রতিনিধি উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>(খ) আলোচনাকালে তিনি আরোও জানান, এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন দপ্তর ও ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে । উক্ত প্রকল্প সমূহ যাচাই বাছাইয়ের জন্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রেরণের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২)সভায় সর্বসম্মতিক্রমে বিভিন্ন দপ্তর ও ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্প সমূহ যাচাই বাছাইয়ের জন্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । উক্ত কমিটি আগামী সভার যাচাই বাছাই পূর্বক প্রকল্প দাখিল করবে । | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>তিনি জানান, স্কুল পর্যায়ে ৫ম শ্রেনী হতে ৯ম শ্রেনী পর্যন্ত সকল ছাত্রীদের এইচপিভি(জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধক) টিকা দেওয়ার প্রোগ্রাম শেষ এখন কমিউনিটি পর্যায়ে ০৯ বছর হতে ১৪ বছর বয়সী কিশোরীদের টিকা দেওয়ার প্রোগ্রাম চলমান।<br>তিনি জানান, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সিলেট এ মেডিকেল টিম এর মাধ্যমে এম পক্স স্কেনিং কার্যক্রম চালু রয়েছে । কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>১.৩। এম পক্স স্কেনিং কার্যক্রম চলমান রাখতে হবে ।<br>১.৪। ছাত্র জনতার গণঅভ্যুত্থানে আহতদের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক কাজ করতে হবে । যেসকল আহত ব্যক্তির নাম এখনও এমআইএস এ এন্ট্রি হয়নি তাদের এমআইএস এ এন্ট্রি দিতে হবে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, মাধ্যমিক পর্যায়ে জরিপ কার্যক্রম চলমান, বার্ষিক পরীক্ষা শুরু হবে । তিনি চলতি বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মাধ্যমিক পর্যায়ের স্কুল গুলোতে খেলাধুলা সামগ্রী, শিক্ষা উপকরণ প্রদান এবং মাদ্রাসা গুলোতে ডেস্কবেঞ্চ প্রদানের প্রস্তাব করেন । | ১) সভায় সর্বসম্মতিক্রমে চাহিদা সংগ্রহ করে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মাধ্যমিক পর্যায়ের স্কুল গুলোতে খেলাধুলা সামগ্রী, শিক্ষা উপকরণ প্রদান এবং মাদ্রাসা গুলোতে ডেস্কবেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা | | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, অনলাইনে বিনামূল্যে বইয়ের চাহিদা দাখিল করা হয়েছে ।তিনি | ১.১)গুদাম নির্মাণের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |

<table>
<tr><td>বিভাগ</td><td>বই রাখার জন্য গুদাম নির্মাণের প্রস্তাব উপস্থাপন করেন।</td><td>প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>১.২) প্রাথমিক পর্যায়ে শতভাগ ভর্তি নিশ্চিত করতে হবে।</td><td></td></tr>
<tr><td>২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি।</td><td>১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট সভায় চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মোগলগাঁও ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে মাটি ভরাট ও জরুরী মেরামতের প্রস্তাব উপস্থাপন করেন।</td><td>১.১। সভায় চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মোগলগাঁও ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে মাটি ভরাট ও জরুরী মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট</td></tr>
<tr><td>২.৭ কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে সাম্প্রতিক বন্যা, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যেবীজ ও সার সহায়তা প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচী আওতায় নিম্নে উল্লেখিত ফসল ও উপকরণ বিতরণ করা হবে।
<table>
<tr><th>ক্র:</th><th>ফসলের নাম ও উপকরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>বোরে উফশী বীজ ৫কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>২৯০০ জন</td></tr>
<tr><td>০২</td><td>বোরো হাইব্রিড বীজ ২ কেজি</td><td>১০০০ জন</td></tr>
<tr><td>০৩</td><td>সরিষা বীজ ১কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>৩০০ জন</td></tr>
<tr><td>০৪</td><td>গম বীজ ২০ কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>৩০ জন</td></tr>
<tr><td>০৫</td><td>সূর্যমুখী বীজ ১ কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>৬০ জন</td></tr>
<tr><td>০৬</td><td>পেঁয়াজ বীজ ১ কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>২০ জন</td></tr>
<tr><td>০৭</td><td>মুগ বীজ ৫ কেজি সাথে ১০কেজি ডিএপি, ৫ কেজি এমওপি</td><td>১০ জন</td></tr>
<tr><td>০৮</td><td>অড়হড় বীজ ২ কেজি সাথে ০৫কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি</td><td>৪০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>চিনা বাদাম বীজ ১০ কেজি সাথে ১০কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি</td><td>১০ জন</td></tr>
<tr><td>১০</td><td>ভূট্টা বীজ ০২ কেজি সাথে ২০ কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি</td><td>৪০ জন</td></tr>
</table>
তিনি আরোও জানান, ৯০ মে:টন ইউরিয়া, ২৬.০০ মে:টন টিএসপি, ২৮ মে:টন এমওপি, ৩০ মে:টন ডিএপি সার মজুদ আছে।সার উত্তোলন চলমান বর্তমানে সারের কোন ঘাটতি নেই। রোপা আমন ধানের আবাদ লক্ষ্যমাত্রা ৯০৮৫ হেক্টর অর্জিত ৯০৯৫ হেক্টর এছাড়া রবি মৌসুমের ফসল আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ব্লক পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।<br>তিনি জানান, খুচরা সার বিক্রেতা ২জনের আবেদনের প্রেক্ষিতে ইউনিয়ন বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত হয়ে উপজেলায় আসে এবং ২ জনের আবেদন নিয়োগের কার্যক্রম চলমান।</td><td>১.১। প্রণোদনা কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দ ইউপি চেয়ারম্যান/ ইউপি সদস্যদের সাথে সমন্বয় করে বিতরণ নিশ্চিত করতে হবে।<br>১.২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) সার ও বীজের দোকান মনিটরিং করবেন।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট</td></tr>
<tr><td>২.৮ মৎস্য বিভাগ</td><td>উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বেকার যুবকদের মাছ চাষের প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব করেন।</td><td>১.১।সভায় চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বেকার যুবকদের মাছ চাষের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।স্থানীয় বিলগুলো</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর,</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | Farm Project | সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। বিল খনন করতে হলে মাটি অবশ্যই পাড়ে রাখতে হবে। | সিলেট। |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান এডিপির আওতায় প্রস্তাবনা দাখিল করা হয়ছে। | প্রানিসম্পদ অফিসের দাখিলকৃত প্রস্তবনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, বরাদ্দ পাওয়া গেছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতার অনলাইনে প্রাপ্ত আবেদন তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে যাবে। সংশ্লিষ্ট ইউনিয়ন বরাদ্দ অনুসারে বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে উপজেলায় দাখিল করার জন্য প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১) বয়স্ক ভাতা, বিধবা ভাতার অনলাইনে প্রাপ্ত আবেদন তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে যাবে। সংশ্লিষ্ট ইউনিয়ন বরাদ্দ অনুসারে বাছাই করে প্রাথমিক তালিকা উপজেলায় দাখিল করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট। |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বন্যা পূর্ণবাসন প্রকল্পে বিনামূল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর নাম সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সামনের টানিয়ে রাখার প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১। বন্যা পূর্ণবাসন প্রকল্পে আওতায় বিনামূল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর নাম সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সামনের টানিয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) সিলেট সদর, সিলেট। |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, ফরেস্ট রেঞ্জার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট যুব উন্নয়ন অফিসে পানির সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১) উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),সিলেট সদর, সিলেট এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ইউটিডিসি ভবন-০১ সমবায় অফিস সহ বিভিন্ন অফিস কার্যক্রম চলমান। বর্তমানে ভবণটি প্রায় ব্যবহারের অনুপযোগি হয়ে গেছে। তিনি জরুরী ভিত্তিতে সংস্কার/মেরামতের প্রস্তাব করেন। | ১.১) উপজেলা প্রকৌশলী,সিলেট সদর, সিলেট এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট। |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি জানান চলতি মাসে ৮২১ জন নাগরিকের ভোটার/এনআইড নিবন্ধন করা | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।জন্মনিবন্ধন প্রদানের সময় সতর্কতা অবলম্বন করতে | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে, ৩৯ জন প্রবাসী ভোটারের তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে, ৭০৯ টি আবেদনের মধ্যে ৭০৩ টি এনআইডি সংশোধন আবেদন নিষ্পত্তি করা হয়েছে, ৩২ টি তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে, ৪৫০ টি স্মার্ট কার্ড বিতরণ করা হয়েছে, ১৫১ টি ভোট স্থানান্তরের আবেদন নিষ্পত্তি করা হয়েছে । তিনি জন্মনিবন্ধন প্রদানের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আরোও সচেতন হওয়ার অনুরোধ জানান । | হবে । | |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার প্রস্তাব উপস্থাপন করেন । | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট । |
| ৪ ।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয় হতে তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন সংক্রান্ত প্রাপ্ত পাঠ করে শুনান । | সভায় সর্বসম্মতিক্রমে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে তারুণ্যের উৎসব-২০২৫ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫ । উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি), সিলেট শাখাকে ০৫ টি অক্সিজেন সিলিন্ডার প্রদান করা হয়েছে । সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল ও সিলেট শহীদ শামছুদ্দীন হাসপাতাল থেকে কোন চাহিদা পাওয়া যায়নি ।সিলেট পুলিশ লাইনস্ হাসপাতাল, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, সম্মিলিত সামরিক হাসপাতাল, ন্যাশনাল কিডনী ফাউন্ডেশন এর কাছ থেকে চাহিদা সংগ্রহের প্রস্তাব করেন । | ১.১)উপযুক্ত চাহিদা প্রাপ্তি সাপেক্ষ উপজেলা পরিষদ সভার অনুমতিক্রমে অবশিষ্ট অক্সিজেন সিলিন্ডার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৬। বিবিধ | বিবিধ-১:-আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের অফিস ভবন মেরামত, আবাসিক ভবন মেরামত, উপজেলা পরিষদের প্রধান গেইট নির্মাণ এবং অবশিষ্ট বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রয়োজন । তিনি এ ব্যাপারে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন । উপজেলা প্রকৌশলী উক্ত প্রকল্প গুলোর নিম্নোক্ত প্রাক্কলন প্রস্তুত পূর্বক অদ্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন ।<br><br>০১। উপজেলা পরিষদের অভিন্ন প্রধান প্রবেশ গেইট নির্মাণ-২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ টাকা) ।<br>০২। সম্প্রসারিত উপজেলা প্রশাসনিক ভবন এবং হলরুমের প্রয়োজনীয় মেরামত সহ রং করন-২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ টাকা)<br>০৩। উপজেলা ইউটিডিসি ভবন-০১ ও ০২ মেরামত ও রং করন-৩০০০০০/-(তিন লক্ষ টাকা)<br>০৪। উপজেলা পরিষদের আবাসিক ভবন সংস্কার মেরামত-৩০,০০০০০/-(ত্রিশ লক্ষ টাকা) | ০১)সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ট্যাগ অফিসারগন টিসিবি মালামাল বিক্রি কার্যক্রম নিয়মিত তদারকি করবেন ।<br>২)নিয়মিত যথাসময়ে জন্ম-মৃত্যু নিবন্ধনের প্রতিবেদন সহ অন্যান্য প্রতিবেদন প্রদান করবেন ।<br>০৩। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লেখিত প্রকল্প অনুমোদিত হয় এবং বরাদ্ধের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>০১। উপজেলা পরিষদের অভিন্ন প্রধান প্রবেশ গেইট নির্মাণ-২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ টাকা) ।<br>০২। সম্প্রসারিত উপজেলা প্রশাসনিক ভবন এবং হলরুমের প্রয়োজনীয় মেরামত সহ রং করন-২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ টাকা)<br>০৩। উপজেলা ইউটিডিসি ভবন-০১ ও ০২ মেরামত ও রং করন-৩০০০০০/-(তিন লক্ষ টাকা)<br>০৪। উপজেলা পরিষদের আবাসিক ভবন সংস্কার মেরামত-৩০,০০০০০/-(ত্রিশ লক্ষ টাকা) | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১২/২৪

খোশনূর রুবাইয়াৎ
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।
তারিখ: ২৬/১২/২০২৪ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৮৮৬(৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৬। চেয়ারম্যান,-------------------- -------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৭। জনাব/বেগম,--------------------------------সিলেট সদর, সিলেট।
০৮। অফিস নথি।

২৬/১২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

০১) জনাব মো: মানিক মিয়া — চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট।
০২) জনাব রফিকুজ্জামান — চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট।
০৩) জনাব দিলোয়ার হোসেন — চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট।
০৪) জনাব বদরুল ইসলাম আজাদ — চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট।
০৫) জনাব মো: মাহবুবুল ইসলাম — প্রশাসক, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট।
০৬) জনাব মো: আব্দুল মনাফ — চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট।
০৭) জনাব অপূর্ব লাল সরকার — উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট।
০৮) ডা: নাহিদ আরজুমান বানু — উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট
০৯) জনাব মো: ছমির উদ্দিন — উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
১০) জনাব আবুল মনসুর আসজাদ — উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
১১) ডা: আনিসুল ইসলাম — প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
১২) মিজ্ শামছুন্নাহার — প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট।
১৩) জনাব মো: হাসানুজ্জামান — উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট।
১৪) জনাব অভিজিৎ কুমার পাল — উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
১৫) জনাব আব্দুল জলিল তালুকদার — উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট।
১৬) জনাব নুসরাত-এ-ইলাহী — উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট।
১৭) মোহাম্মদ মনির হোসেন — উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
১৮) জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার — সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট।
১৯) জনাব মো: আব্দুল আহাদ — উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
২০) মিজ্ শারমীন আক্তার — সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট।
২১) জনাব মোহাম্মদ এমরান হোসেন — ইউডিএফ, সিলেট সদর, সিলেট।
২২) জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন — উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট।
২৩) মিজ্ মরিয়ম আক্তার — তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
২৪) জনাব মো: গোলাম কিবরিয়া — উপজেলা আনাসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

০১) জনাব কামরুল হাসান — উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট।
০২) জনাব শ্যামল চন্দ্র দাস — উপজেলা সহকারী প্রোগ্রামার, সিলেট সদর, সিলেট।
০৩) জনাব শংকর কুমার দাশ — উপজেলা পরিসংখ্যান অফিসার(চ:দা), সিলেট সদর, সিলেট।
০৪) জনাব মো: শহিদুল্লাহ — ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ
০৫) জনাব শফিকুর রহমান — চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট।
০৬) জনাব শীর্যেন্দু পুরকায়স্থ — উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।
০৭) জনাব পাবেল সরকার — উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট।